

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪০৪.২১.৩৯০

তারিখ- ১৩/০৪/২০২২ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)- ২য় পর্যায়” প্রকল্পের আওতায় গ্রাম পর্যায়ের মহিলা সুফলভোগী সদস্যদের সংগঠিত করে পল্লী উন্নয়ন মহিলা সমিতি/দল গঠন ও মহিলা সদস্য অন্তর্ভুক্তির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। প্রকল্পভুক্ত যে সকল ইউনিয়ন/গ্রামে বিআরডিবি’র বিভিন্ন প্রকল্প/কর্মসূচি’র চলমান কার্যক্রম বিদ্যমান আছে সেখানে কোন অবস্থাতেই ইরেসপো-২য় পর্যায় প্রকল্পের সমিতি/দল গঠন করা যাবে না। তাছাড়া যে সকল সদস্য বিআরডিবি’র চলমান বিভিন্ন প্রকল্প/কর্মসূচি’র সদস্য হিসেবে অন্তর্ভুক্ত রয়েছে তাদেরকেও ইরেসপো-২য় পর্যায় প্রকল্পের আওতায় কোন সমিতি/দলের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা যাবে না। ভবিষ্যতে এ বিষয়ে কোন ধরণের অভিযোগ উত্থাপিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

২। প্রকল্পের স্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোনঃ ০২-৮১৮০১৪৪

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪০৪.২১.৩৯০

তারিখ- ১৩/০৪/২০২২ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: (প্রকল্পভুক্ত সকল জেলা)।
২. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবির ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা: (প্রকল্পভুক্ত সকল উপজেলা)।
৬. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), উপজেলা: (প্রকল্পভুক্ত সকল উপজেলা)।
৭. অফিস নথি/গার্ডফাইল।

মুহাম্মদ মাহবুব আলম
উপপ্রকল্প পরিচালক